

অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ মোঃ বাকাহীদ হোসেন পরিচালক প্রশাসন ও অর্থ
সভার তারিখ	ঃ ১০/১২/২০২১ খ্রি.
সভার সময়	ঃ সকাল ০৯.০০ টা
সভার স্থান	ঃ নদী গবেষণা ইনস্টিটিউট-এর কনফারেন্স রুম

অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক)- তে দেখানো হলো।

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়াবলী সভায় উপস্থাপন করেন।


আলোচ্যসূচী ১ : সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর সূচক ২.২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি প্রদানে অংশীজনের অংশগ্রহণে অবহিতকরণ সভা।

আলোচনাঃ অংশীজনের অংশগ্রহণে সভায় নদী গবেষণা ইনস্টিটিউট-এর কর্মকর্তা/কর্মচারীগণের ছুটি, পদায়ন/পদোন্নতি, সিলেকশন গ্রেড/উচ্চতর স্কেল সংক্রান্ত আলোচনা হয়। নদী গবেষণা ইনস্টিটিউট-এর কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন, অবসর উত্তর প্রস্তুতিমূলক ছুটি, ছুটি নগদায়ন, শ্রান্তি ও বিনোদন ভাতা, পাসপোর্টের ছাড়পত্র, গ্রাচুইটি, কল্যাণ তহবিল, যৌথ বীমা, সিপিএফ সংক্রান্ত সেবা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও নদী গবেষণা ইনস্টিটিউট-এর কর্মকর্তা/কর্মচারীগণের মাসিক বেতন, বকেয়া বিল, ভ্রমণ ভাতা বিল, দায়িত্ব ভাতা বিল সংক্রান্ত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ

- ১) নদী গবেষণা ইনস্টিটিউট এর কর্মকর্তা/কর্মচারীদের পদায়ন/পদোন্নতি, উচ্চতর স্কেল, গ্রাচুইটি, বকেয়া বিল, যৌথ বীমা, সিপিএফ এর পাওনা দ্রুত ও সহজ পদ্ধতিতে সেবা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচ্যবিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ বাকাহীদ হোসেন
পরিচালক
প্রশাসন ও অর্থ